

# কাল থেকে ক্লাসে ফিরছে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ১৭ বিভাগ

মানচুর আলম অন্তর, কুবি থেকে

প্রকাশ : ১৮ আগস্ট ২০২৪, ১৯:৪৩



UNIBOTS

শিক্ষার্থীদের দাবির প্রেক্ষিতে আগামীকাল থেকে ক্লাসে ফিরছে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ১৭ বিভাগ। রোববার (১৮ আগস্ট) বিভাগগুলোর পক্ষ থেকে প্রতিবেদককে এ তথ্য নিশ্চিত করেন ৬ টি অনুষদের ডিনগগ।



দৈনিক ইন্ডিফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

তারা জানান, সোমবার (১৯ আগস্ট) থেকে শিক্ষার্থীদের ইচ্ছার ভিত্তিতে অনলাইনে অথবা সশরীরে ক্লাসে ফিরতে প্রস্তুত শিক্ষকেরা।

এছাড়াও প্রকৌশল অনুষদের ডিন ড. সাইফুর রহমান জানান, শিক্ষার্থীরা সবাই ক্যাম্পাসে উপস্থিত না থাকায় আগামী পরশ (মঙ্গলবার) থেকে ক্লাসে ফিরবে কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং এবং ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি বিভাগ।



শিক্ষাপ্রতিষ্ঠানে থাকছে বাড়তি নিরাপত্তা

সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন সহযোগী অধ্যাপক ড. মুহাম্মদ সোহরাব উদ্দীন বলেন, আগামীকাল থেকে শিক্ষার্থীরা যেভাবে চায় অর্থাৎ অফলাইন অথবা অনলাইন দুইভাবেই ক্লাস নেওয়া যাবে। এক্ষেত্রে কোন ব্যাচ সশরীরে আবার কোন ব্যাচ অনলাইনে ক্লাস করতে চাইলেও সমস্যা নেই।

ব্যবসায় অনুষদের ডিন অধ্যাপক ড. আহসান উল্লাহ বলেন, সিভিকেট কর্তৃক অনলাইন ও অফলাইনে, দুইভাবেই ক্লাস নেওয়ার অনুমতি আছে। যদিও পরিস্থিতি বিবেচনায় দুই সপ্তাহ অনলাইন ক্লাসের কথা বলা হয়েছিল। আমার ডিপার্টমেন্টগুলো অফলাইনে ক্লাস নেওয়ার কথা জানিয়েছে আমাকে। এখন যদি শিক্ষার্থীরা আসে তাহলে অফলাইনে ক্লাস চলবে।

বিজ্ঞান অনুষদের ডিন ড. প্রদীপ দেবনাথ বলেন, আজকে আমরা ডিপার্টমেন্টের চেয়ারম্যানদের কে নিয়ে মিটিং করেছি। তারা সকলেই অফলাইনে ক্লাস করতে সম্মতি দিয়েছেন। এখন শিক্ষার্থীরা স্বতঃস্ফূর্তভাবে ক্লাসে আসলে আমরা অফলাইনে ক্লাস নিবো। এছাড়াও, শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ে আসার জন্য পরিবহন ও নিরাপত্তা নিশ্চিত করতে রেজিস্ট্রার বরাবর চিঠি প্রদান করবো।



এক মাস পর আজ শিক্ষাপ্রতিষ্ঠান খুলছে

কলা অনুষদের ডিন ও ইংরেজি বিভাগের অধ্যাপক ড. বনানী বিশ্বাস বলেন, গতকাল থেকে কলা অনুষদের অন্তর্ভুক্ত বাংলা বিভাগ সশরীরে ক্লাস শুরু করেছে। ইংরেজি বিভাগেও আগামীকাল থেকে শিক্ষার্থীদের সিদ্ধান্তের ভিত্তিতে ক্লাস নিতে প্রস্তুত শিক্ষকগণ।

আইন অনুষদের ডিন ড. এ এফ এম আবদুল মন্ডেনের অনুপস্থিতি বিভাগের চেয়ারম্যান মো. আবু বকর সিদ্দিক (সোহেল) বলেন, সিভিকেট থেকে ২৫ তারিখ থেকে সশরীরে ক্লাস নেওয়ার সিদ্ধান্ত থাকায় আমরা বিভাগ থেকে আলাদা কোন

ডিসিশন নিতে পারিনা। তবে শিক্ষকরা চাইলে আগামীকাল থেকে সশরীরে ক্লাস নিতে পারবেন।